তারিখ 29 DEC 1995
পৃষ্ঠা ৮ কলাম ৮

দৈনিক জনকণ্ঠ

110

### কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

# শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের লক্ষ্যে সরকারকে দিতে হবে বেতনের এক শ' ভাগ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি দেশের শিক্ষা ব্যবস্থাকে জাতীয়করণ করার আহ্বান জানিয়েছে। বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাব আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সমিতির নেতৃবৃন্দ বলেন, প্রতিষ্ঠান সরকারী করে যেমন শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ করা যায়, তেমনি প্রতিষ্ঠান বেসরকারী রেখেও তা করা যায়, যদি সরকার প্রতিষ্ঠানের সকল ব্যয়ের শতকরা ১০০ ভাগ বহন করে। শিক্ষক নেতৃবৃন্দ বলেন, "তাই আমাদের দাবি শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের লক্ষ্যে এখনই বেতনের শতকরা ১০০ ভাগ দিতে হবে।"

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সহ-সভাপতি অধ্যাপক শফিকুল আলম। এ সময় উপস্থিত ছিলেন ও সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন অধ্যাপক রঙ্গলাল সেন, কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ম. আখতারুজ্জামান, সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোহাম্মদ শাহজাহান, ঢাকা মহানগরীর সাধারণ সম্পাদক অধ্যাপক আবুবকর চৌধুরী, অধ্যাপিকা হোসনে আরা প্রমুখ।

শিক্ষক নেতৃবৃন্দ বলেন, ১৯৯৪ সালে জাতীয় প্রেসক্লাবের সামনে গোটা দেশের বেসরকারী স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীগণ তাদের ঐতিহাসিক অবস্থান ধর্মঘট ও আমরণ অনশন কর্মসূচী পালনের পর দেশের প্রধানমন্ত্রী ও শিক্ষা মন্ত্রী শিক্ষক-কর্মচারীদের কিছু কিছু দাবি-দাওয়ার মেনে নেয়ার আনুষ্ঠানিক প্রতিশ্রুতি ঘোষণা করেন। কিন্তু অত্যন্ত লজ্জা ও ক্ষোভের সাথে উল্লেখ করতে হয় দীর্ঘ দেড় বছরেও প্রধানমন্ত্রীর সেই প্রতিশ্রুতির অনেকটিই অদ্যাবধি বাস্তবায়িত হয়নি।